মুজিব বর্ষ সম্পর্কিত তথ্যাবলি

০১। বৃক্ষ রোপন কর্মসূচি গ্রহণ : মুজিব বর্ষ উপলক্ষে বন বিভাগ কর্তৃক কচুয়া উপজেলার বিভিন্ন রাস্তায় ও শিক্ষা প্রতিষ্ঠানের বৃক্ষ রোপন কর্মসুচি চলমান রয়েছে।

০২। তালবীজ রোপন : বজ্রপাতের ক্ষয়ক্ষতি রোধকল্পে কচুয়া উপজেলার সকল ইউনিয়নে ৫০,০০০ তালবীজ রোপন কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

০৩। মাধ্যমিক বিদ্যালয়ের বালিকাদের সেনিটারি বিষয়ক স্বাস্থ্যসেবা প্রদান।

০৪। শিক্ষা প্রতিষ্ঠানে কুইজ ও বিতর্ক প্রতযোগিতার আয়োজন: মুজিব বর্ষ উপলক্ষে কচুয়া উপজেলায় শিক্ষা প্রতিষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বর্ণাঢ্য জীবন ও কর্মের উপর বিষয়ভিত্তিক কুইজ ও বিতর্ক প্রতযোগিতার আয়োজন করা হয়েছে।

০৫। অফিসের আঙ্গিনা পরিষ্কার:- মুজিব বর্ষ উপলক্ষে কচুয়া উপজেলায় সকল অফিস এবং শিক্ষা প্রতিষ্ঠানে একযোগে পরিস্কার পরিচ্ছন্নতা কর্যক্রম বাস্তবায়ন করা হয় এবং উক্ত বিষয়ে কার্যক্রম সারা বছর অব্যাহত আছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপহার হিসেবে ২৫,০০০/- টাকার চেক ও ফলের ঝুড়ি উপহার প্রদান।

কচুয়া(বাগেরহাট) কচুয়া উপজেলার দ্বিতীয় করোনা রোগী গোপালপুর নিবাসী(ঢাকা থেকে ফেরৎ গাড়ীর ড্রাইভার) আল্লাহর রহমতে ও চিকিৎসকদের প্রচেস্টায় মাত্র ১৫ দিনে সুস্থ্য হয়ে বাড়ি ফিরলেন। ঢাকা থেকে আসার পর তার করোনার উপসর্গ দেখা দিলে কচুয়া হাসপাতালে চিকিৎসকগন তাকে ভর্তি হয়ে নমুনা সংগ্রহ করে খুলনা পিসিআর এ টেস্টের জন্য পাঠায়। টেস্টে তার করোনা পজেটিভ ধরা পরে। ফলে তাকে কচুয়া ভর্তি করে তাকে গত ১৩/০৫/২০ তারিখে কচুয়া হাসপাতালের আয়সোলেশনে রাখা হয়। পরে সে সুস্থ্য হলে তার নমুনা সংগ্রহ করে পর পর ২বার টেস্টের জন্য খুলনা পিসিআর এ পাঠালে ২ বারই টেস্টের রিপোর্ট নেগেটিভ আসে। একারনে গতকাল বৃহস্পতিবার সকালে উপজেলা প্রশাসন ও উপজেলা স্বাস্থ্য বিভাগের উদোগে তাকে (রোগী) কে আনুসৃঠানিক ছাড়পত্র দেওয়া হয়।

করোনা ভাইরাস(কোভিট-১৯) এর প্রাদুর্ভাব মোকাবেলায় দেশের মসজিদ সমুহের ঈমাম- মুয়াজ্জিনদের আর্থিক অনুদানের চেক বিতরন অনুষ্ঠানে ঈমামদের হাতে অনুদানের চেক তুলে দিচ্ছেন কচুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজিৎ দেবনাথ।

কচুয়া (বাগেরহাট) বাগেরহাট-২ আসনের সংসদ সদস্য শেখ তন্ময় এর পক্ষে কচুয়ার উপজেলার ১৯শত দরিদ্র শ্রমিকদের মাঝে ত্রাণ বিতরণ জেলা প্রশাসক বাগেরহাট- মোঃ মামুনুর রশীদ।